গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ধর্ম বিষয়ক মন্ত্রণালয়
বাংলাদেশ ওয়াক্‌ফ প্রশাসকের কার্যালয়
৪, নিউ ইস্কাটন রোড, ঢাকা-১০০০
www.waqf.gov.bd

**জনাব সাফিজ উদ্দিন আহমেদ, সচিব, ওয়াক্‌ফ প্রশাসক, বাংলাদেশ এর ১২.০৪.২০২৬ খ্রি. তারিখ হতে ১৪.০৬.২০২৬ খ্রি. তারিখ পর্যন্ত ভ্রমণের বিস্তারিত বিবরণ:**

**১২.০৪.২০২৬ (শুক্রবার):**

জনাব সোহানা নাসরিন, জেলা প্রশাসক ও বিজ্ঞ জেলা ম্যাজিস্ট্রেট, কিশোরগঞ্জ-এর সাথে পাগলা মসজিদ ওয়াক্‌ফ এস্টেট এবং কিশোরগঞ্জ জেলার অন্যান্য ওয়াক্‌ফ এস্টেটসমূহ সুষ্ঠু ব্যবস্থাপনা, পরিচালনা ও নিয়ন্ত্রণ বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। ওয়াক্‌ফ অধ্যাদেশ ১৯৬২ অনুসারে ওয়াক্‌ফ সম্পত্তি শতভাগ তালিকাভুক্তি, কন্ট্রিবিউশন আদায়, অবৈধ দখলদার উচ্ছেদ, অধিগ্রহণকৃত ওয়াক্‌ফ ভূমির ক্ষতিপূরণের অর্থ প্রদান এবং জেলা ওয়াক্‌ফ উন্নয়ন কমিটির নিয়মিত সভা করার জন্য জেলা প্রশাসক ও বিজ্ঞ জেলা ম্যাজিস্ট্রেটকে পরামর্শ প্রদান করা হয়। এসময় অতিরিক্ত জেলা প্রশাসকগণসহ জেলা প্রশাসনের অন্যান্য কর্মকর্তাগণ উপস্থিত ছিলেন। জেলা প্রশাসক পাগলা মসজিদ ওয়াক্‌ফ এস্টেটের ২০২৫-২৬ অর্থ বছরের ওয়াক্‌ফ কন্ট্রিবিউশন বাবদ ১,৮২,৬৯,০১৬/- (এক কোটি বিরাশি লক্ষ উনসত্তর হাজার ষোল) টাকার চেক হস্তান্তর করেন।



জনাব সাফিজ উদ্দিন আহমেদ, সচিব, ওয়াক্‌ফ প্রশাসক, বাংলাদেশ এর সাথে
জেলা প্রশাসক ও বিজ্ঞ জেলা ম্যাজিস্ট্রেট কিশোরগঞ্জের মতবিনিময়

-



**জনাব সাফিজ উদ্দিন আহমেদ, সচিব, ওয়াক্‌ফ প্রশাসক, বাংলাদেশ এর নিকট**
**জেলা প্রশাসক কিশোরগঞ্জ কর্তৃক পাগলা মসজিদ ওয়াক্‌ফ এস্টেটের ওয়াক্‌ফ কন্ট্রিবিউশনের চেক হস্তান্তর**

দুপুর ১২:০০ ঘটিকায় ওয়াক্‌ফ প্রশাসক পাগলা মসজিদ ওয়াক্‌ফ এস্টেট ভিজিট করেন এবং জুমার নামাজ আদায় করেন। জুমার নামাজ আদায় শেষে পাগলা মসিজদের খতিব ও ইমাম সাহেব ওয়াক্‌ফ প্রশাসকের সাথে সৌজন্য সাক্ষাত করেন। ওয়াক্‌ফ প্রশাসক ওয়াক্‌ফ এস্টেটটি ঘুরে দেখেন এবং পরিদর্শন বহিতে স্বাক্ষর করেন।



**জনাব সাফিজ উদ্দিন আহমেদ, সচিব, ওয়াক্‌ফ প্রশাসক, বাংলাদেশ কর্তৃক**
**পাগলা মসজিদ ওয়াক্‌ফ এস্টেট পরিদর্শন বহিতে স্বাক্ষর**

কিশোরগঞ্জ শহরের হযরত মাওলানা আতাহার আলী (রহ:) কর্তৃক প্রতিষ্ঠিত ও স্মৃতিবিজড়িত ঐতিহ্যবাহী শহীদী মসজিদ ওয়াকফ এস্টেট এবং আল জামিয়াতুল এমদাদিয়া কিশোরগঞ্জ মাদ্রাসা পরিদর্শন করেন। এস্টেটের মোতাওয়াল্লী ও মাদ্রাসার মোহতামিম মাওলানা শাব্বির আহমাদ রশিদ, জেলা প্রশাসনের নির্বাহী ম্যাজিস্ট্রেটসহ এলাকার গণ্যমান্য ব্যক্তিবর্গ উপস্থিত ছিলেন।



**জনাব সাফিজ উদ্দিন আহমেদ, সচিব, ওয়াক্ফ প্রশাসক, বাংলাদেশ কর্তৃক শহীদী মসজিদ ওয়াক্ফ এস্টেটের মোতাওয়াল্লীদের সাথে মতবিনিময়**



**এস্টেটের মোতাওয়াল্লী কর্তৃক ওয়াক্ফ প্রশাসককে এস্টেটটের বিভিন্ন স্থাপনা সম্পর্কে ব্রিফিং প্রদান**

ওয়াক্‌ফ প্রশাসক কর্তৃক মৌলভীবাজার জেলার শ্রীমঙ্গাল উপজেলাধীন শ্রীমঙ্গাল জামে মসজিদ ওয়াক্‌ফ এস্টেট পরিদর্শন করা হয়। অত:পর মৌলভী বাজার জেলার শাহ মোস্তফা (রহ.) দরগাহ ওয়াক্‌ফ এস্টেট পরিদর্শন করা হয়। শ্রীমঙ্গল উপজেলার, উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ে মাননীয় সংসদ সদস্য আলহাজ্ব জনাব মুজিবুর রহমান চৌধুরী এম.পি. এর সাথে সৌজন্য সাক্ষাত হয়। মাননীয় সংসদ সদস্য মহোদয় তাঁর নির্বাচনী এলাকার ওয়াক্‌ফ এস্টেটসমূহের সুষ্ঠু ব্যবস্থাপনায় ওয়াক্‌ফ প্রশাসনকে সহায়তার আশ্বাস প্রদান করেন। পরবর্তীতে ওয়াক্‌ফ প্রশাসক শাহ মোস্তফা (রহ.) এর মাজার জিয়ারত করেন এবং এস্টেটের পরিদর্শন বহিতে স্বাক্ষর করেন। শাহ মোস্তফা (রহ.) দরগাহ ওয়াক্‌ফ এস্টেট এর ২০২৫-২৬ অর্থ বছরের ওয়াক্‌ফ কন্ট্রিবিউশন বাবদ ৮০,৬৭২/- (আশি হাজার ছয়শত বাহাত্তর) টাকার চেক হস্তান্তর করা হয়।



**মাননীয় সংসদ সদস্য আলহাজ্ব জনাব মুজিবুর রহমান চৌধুরী এমপি এর সাথে**
**জনাব সাফিজ উদ্দিন আহমেদ, সচিব, ওয়াক্‌ফ প্রশাসকের সৌজন্য সাক্ষাত**




**জনাব সাফিজ উদ্দিন আহমেদ, সচিব, ওয়াক্‌ফ প্রশাসক কর্তৃক**
**হযরত শাহ মোস্তফা (রহ.) দরগাহ ওয়াক্‌ফ এস্টেটের পরিদর্শন বহিতে স্বাক্ষর**

**১৩.০৪.২০২৬ (শনিবার):**

ওয়াক্‌ফ প্রশাসক সকালে হযরত শাহ্ জালাল (রহ.) মাজার ওয়াক্‌ফ এস্টেটের হযরত শাহ্ জালাল (রহ.) এর মাজার এবং মুক্তিযুদ্ধের সর্বাধিনায়ক জেনারেল আতাউল গণী ওসমানী এর কবর জিয়ারত করেন। পরবর্তীতে হযরত শাহ্ পরান (রহ.) ওয়াক্‌ফ এস্টেটে গমন করেন এবং হযরত শাহ্ পরান (রহ.) -এর মাজার জিয়ারত করেন। এসময় শাহ্ পরান (রহ.) মাজার ওয়াক্‌ফ এস্টেটের মোতাওয়াল্লী ২০২৫-২৬ অর্থ বছরে ওয়াক্‌ফ কন্ট্রিবিউশন বাবদ ৫,৩২,৭৬৬/- (পাঁচলক্ষ বত্রিশ হাজার সাতশত ছেষট্টি) টাকার চেক হস্তান্তর করেন। অতঃপর ওয়াক্‌ফ প্রশাসক সিলেটের প্রথম মুসলমান হযরত শাহ্ গাজী সৈয়দ বুরহান উদ্দিন (রহ.) এর মাজার জিয়ারত করেন, কুদরত উল্লাহ ওয়াক্‌ফ এস্টেট পরিদর্শন করেন এবং ওয়াক্‌ফ পরিদর্শকের কার্যালয় পরিদর্শন করেন।



**জনাব সাফিজ উদ্দিন আহমেদ, সচিব, ওয়াক্‌ফ প্রশাসক, বাংলাদেশ কর্তৃক হযরত শাহ জালাল (রহ:) এর মাজার জিয়ারত**



**জনাব সাফিজ উদ্দিন আহমেদ, সচিব, ওয়াক্‌ফ প্রশাসক, বাংলাদেশ কর্তৃক হযরত শাহ পরান (রহ:) এর মাজার জিয়ারত**



হযরত শাহ পরান (রহ:) এর মাজার ওয়াক্‌ফ এস্টেটের মোতাওয়াল্লী  কর্তৃক ওয়াক্‌ফ কন্ট্রিবিউশনের চেক হস্তান্তর



সিলেটের প্রথাম মুসলমান হযরত শাহ্ গাজী সৈয়দ বুরহান উদ্দিন (রহ:) মাজার ওয়াক্‌ফ এস্টেটের মোতাওয়াল্লী
ওয়াক্‌ফ প্রশাসক স্যারকে ফুলেল শুভেচ্ছা প্রদান করেন




**হযরত শাহ্ গাজী সৈয়দ বুরহান উদ্দিন (রহ:) মাজার ওয়াক্ফ এস্টেট পরিদর্শন**



**ওয়াক্ফ প্রশাসক কর্তৃক ওয়াক্ফ পরিদর্শকের কার্যালয়, সিলেট পরিদর্শন**

**১৪.০৬.২০২৬ (রবিবার):**

সিলেট জেলা প্রশাসনের জনাব মো: নুরের জামান চৌধুরী, অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব) ও জনাব মাসুদ রানা, অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি) ওয়াক্ফ প্রশাসক মহোদয়ের সাথে সৌজন্য সাক্ষাত করেন। এসময় মাঠ প্রশাসনে ওয়াক্ফ এস্টেটসমূহ ব্যবস্থাপনা ও রক্ষণাবেক্ষণে বিভিন্ন বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। ওয়াক্ফ প্রশাসক জেলা প্রশাসনের কর্মকর্তাবৃন্দকে প্রয়োজনীয় দিক নির্দেশনা প্রদান করেন। জনাব মো: নুরের জামান চৌধুরী, অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব) দেওয়ান মৌলভী মো: আব্দুল খালিক ওয়াকফ এস্টেটের অফিসিয়াল মোতাওয়াল্লী হিসেবে ওয়াকফ কন্ট্রিবিউশন বাবদ ৫০,০০০/- (পঞ্চাশ হাজার) টাকার চেক প্রশাসকের নিকট হস্তান্তর করেন।



ওয়াক্ফ প্রশাসকের সাথে জনাব মো: নুরের জামান চৌধুরী, অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব) ও
জনাব মাসুদ রানা, অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি) এর সৌজন্য সাক্ষাত ও মতবিনিময়



ওয়াক্ফ প্রশাসক মহোদয়ের নিকট  জনাব মো: নুরের জামান চৌধুরী, অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব) কর্তৃক
দেওয়ান মৌলভী মো: আব্দুল খালিক ওয়াকফ এস্টেটের ওয়াক্ফ কন্ট্রিবিউশনের চেক হস্তান্তর

বিভাগীয় কমিশনারের কার্যালয়, সিলেট-এ জনাব সাফিজ উদ্দিন আহমেদ, সচিব, ওয়াক্‌ফ প্রশাসক ও জনাব মশিউর রহমান, বিভাগীয় কমিশনারের মধ্যে সৌজন্য সাক্ষাত ও মত বিনিময় হয়। এসময় ওয়াক্‌ফ প্রশাসক বিভাগীয় কমিশানরকে ওয়াক্‌ফ সম্পত্তি শতভাগ তালিকাভুক্ত, অবৈধদখলাদের উচ্ছেদ এবং সুষ্ঠু রক্ষণাবেক্ষণের জন্য প্রয়োজনীয় দিকনির্দেশনা প্রদান করেন। পরবর্তীতে জনাব মশিউর রহমান, বিভাগীয় কমিশনার সিলেট খান বাহাদুর এহিয়া ওয়াক্‌ফ এস্টেটের মোতাওয়াল্লী হিসেবে ওয়াক্‌ফ প্রশাসকের নিকট ২০২৫-২৬ অর্থ বছরের ওয়াক্‌ফ কন্ট্রিবিউশন বাবদ ১০,২১,৮১৮/- (দশ লক্ষ একুশ হাজার আটশত আঠার) টাকার চেক হস্তান্তর করেন।



**ওয়াক্‌ফ প্রশাসকের সাথে জনাব মশিউর রহমান, বিভাগীয় কমিশনার সিলেট-এর মতবিনিময়**




**জনাব মশিউর রহমান, বিভাগীয় কমিশনার সিলেট ও অফিসিয়াল মোতাওয়াল্লী খান বাহাদুর এহিয়া ওয়াক্‌ফ এস্টেটে কর্তৃক ওয়াক্‌ফ প্রশাসকের নিকট কন্ট্রিবিউশনের চেক হস্তান্তর**

ওয়াক্‌ফ প্রশাসক সিলেট জেলার দক্ষিণ সুরমা উপজেলাধীন হযরত শাহ তৈয়ব ছৈলানী (রহ.) মজার ওয়াক্‌ফ এস্টেট পরিদর্শন করেন। এসময় ওয়াক্‌ফ প্রশাসক হযরত শাহ তৈয়ব ছৈলানী (রহ.) মাজার জিয়ারত করেন এবং উপস্থিত স্থানীয় ব্যক্তিবর্গ, মোতাওয়াল্লী ও কমিটির সদস্যগণকে নিজেদের মধ্যে বিরাজমান দ্বন্দ্ব নিরসন করে সকলে সম্মিলিত ভাবে ওয়াক্‌ফ এস্টেট পরিচালনার জন্য এবং এস্টেটের আয় বৃদ্ধির নিমিত্ত উন্নয়নমূলক কার্যক্রম গ্রহণের পরামর্শ প্রদান করেন এবং ওয়াক্‌ফ হিসাব নিরীক্ষককে এস্টেটটি দ্রুত অডিট করার নির্দেশ প্রদান করেন।



ওয়াক্‌ফ প্রশাসক কর্তৃক হযরত শাহ তৈয়ব ছৈলানী (রহ.) মজার ওয়াক্‌ফ এস্টেট পরিদর্শন



ওয়াক্‌ফ প্রশাসক কর্তৃক হযরত শাহ তৈয়ব ছৈলানী (রহ.) মজার ওয়াক্‌ফ এস্টেট পরিদর্শন

ওয়াক্‌ফ প্রশাসক সিলেট দক্ষিণ সুরমা উপজেলাধীন খান বাহাদুর আসদ্দর আলী খান ওয়াকফ এস্টেট পরিদর্শন করেন। এসময় এস্টেটের মোতাওয়াল্লী জনাব বাবর আলী খান সহ স্থানীয় নেতৃস্থানীয় ব্যক্তিবর্গ উপস্থিত ছিলেন। পরবর্তীতে মাননীয় প্রধানমন্ত্রী প্রতিশ্রুত বৃক্ষরোপণ কর্মসূচি বাস্তবায়নের অংশ হিসেবে ওয়াক্‌ফ প্রশাসন কর্তৃক গৃহীত ৫০ হাজার বৃক্ষরোপণের কার্যক্রম গৃহীত হয়েছে। উক্ত কার্যক্রমের অংশ হিসেবে ওয়াক্‌ফ প্রশাসক জনাব সাফিজ উদ্দিন আহমেদ, 'খান বাহাদুর আসদ্দর আলী খান ওয়াকফ এস্টেটে' একটি ফলজ বৃক্ষ রোপণ করে ওয়াক্‌ফ প্রশাসনের বৃক্ষরোপণ কর্মসূচি সূচনা করেন।



**জনাব সাফিজ উদ্দিন আহমেদ, সচিব, ওয়াক্‌ফ প্রশাসক কর্তৃক**
**খান বাহদুর আসদ্দর আলী খান ওয়াক্‌ফ এস্টেটে বৃক্ষরোপণ**

পরবর্তীতে ওয়াক্‌ফ প্রশাসক ঢাকার উদ্দেশ্যে রওয়ানা হন। ব্রাহ্মণবাড়িয়া সার্কিট হাউজে জনাব মো: আবু সাইদ, জেলা প্রশাসক ও বিজ্ঞ জেলা ম্যাজিস্ট্রেট, ব্রাহ্মণবাড়িয়ার সাথে মতবিনিময় করেন। এ সময় ওয়াক্‌ফ প্রশাসক, ওয়াক্‌ফ সম্পত্তি সুষ্ঠু ব্যবস্থাপনা ও রক্ষণাবেক্ষণ এবং শতভাগ তালিকাভুক্তির বিষয়ে জেলা প্রশাসক, ব্রাহ্মণবাড়িয়াকে প্রয়োজনীয় দিক নির্দেশনা প্রদান করেন।